তারিখ 19 FEB 1990
পৃষ্ঠা ৬ কলাম ২

4

দৈনিক খবর

# ২২শে ফেব্রুয়ারী থেকে 'শিক্ষা সপ্তাহ' শুরু হচ্ছে

সরকার আগামী ২২শে ফেব্রুয়ারী হতে ২৭শে ফেব্রুয়ারী '৯০ পর্যন্ত জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ উদযাপনের সিদ্ধান্ত নিয়েছেন। শিক্ষা সপ্তাহের শ্লোগান হবে 'শিক্ষা উন্নয়নের বাহন'। গত ১৩ই ফেব্রুয়ারী '৯০ তারিখে শিক্ষা সচিবের সভাপতিত্বে জাতীয় কার্যনির্বাহী কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। খবর তথ্য বিবরণী'র।

জেলা পর্যায়ে ২২শে ফেব্রুয়ারী হতে ২৭শে ফেব্রুয়ারী এবং বিভাগীয় পর্যায়ে ৩রা মার্চ হতে ৫ই মার্চ পর্যন্ত এ সপ্তাহ উদযাপন করা হবে।

জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠান ১৭ই মার্চ শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হবে। শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে জেলা ও বিভাগ হতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক এবং শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জাতীয় পর্যায়ে পুরস্কৃত করা হবে।